গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাজেট-২ শাখা

"বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন"

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতির যৌথমূল্যায়ন প্রতিবেদন অনুমোদন সংক্রান্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোসাম্মৎ শাহানারা খাতুন সচিব
সভার তারিখ	১৯/০৫/২০২৪
সভার সময়	০৩:০০
স্থান	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা), বাংলাদেশ সচিবালয়।
উপস্থিতি	পরিশিষ্ট-'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত এবং zoom Platform এ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) বলেন, সরকারি অর্থের সুষ্ঠু ও কার্যকরী ব্যবহারের মাধ্যমে জনগণের অর্থের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক 'মন্ত্রণালয়/বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতি মূল্যায়নের লক্ষ্যে যৌথমূল্যায়ন নির্দেশিকা' শিরোনামে ১৪-০৫-২০২২ খ্রিস্টাব্দ তারিখে একটি পরিপত্র জারি হয় (সংযোজনী-১)। উক্ত যৌথমূল্যায়ন (Peer Review) সংক্রান্ত পরিপত্রের আলোকে বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতির মূল্যায়নের লক্ষ্যে মূলতঃ বাজেট চক্র (Budget Cycle) অনুসরণপূর্বক বাজেটের গুরুত্বপূর্ণ ৪টি থিমেটিক এরিয়ার ১৩টি কার্যাবলীর আওতায় ২৫টি বিভিন্ন কর্মকৃতি নির্দেশকের (Performance Indicator) উপর মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা দেয়া হয়। এতে বৃহৎ ব্যয়কারী (High Spending) ও সামাজিক খাতে গুরুত্বপূর্ণ ১০টি মন্ত্রণালয়/বিভাগকে মূল্যায়নের নিমিত্ত প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত Allocation of Business মোতাবেক সমধর্মী কার্যাবলী রয়েছে এমন ২টি মন্ত্রণালয়/বিভাগ পরস্পর পরস্পরকে মূল্যায়নকারী দল (Peer Group) হিসেবে ০৫টি গ্রুপ করা হয়েছে। সে হিসেবে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর মূল্যায়নকারী মন্ত্রণালয়/বিভাগ হলো স্থানীয় সরকার বিভাগ।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রনীত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর বাজেট ব্যবস্থাপনা কমিটির কার্যক্রমের ২০২২-২৩ অর্থ বছরের যৌথমূল্যায়ন প্রতিবেদন নিম্নরূপ:

সারণী-১

*স্কোর= স্কোর × রেটিং (সর্বোচ্চ ৪)

থিমেটিক এরিয়া	ওজন	কার্যাবলী	কর্মকৃতি নির্দেশক	স্কোর (সর্বোচ্চ) *	এ বিভাগের প্রাপ্ত স্কোর
মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামোর সাথে নীতি-অগ্রাধিকার ও কৌশলসমূহের সংগতিসাধন	২৭%	৪	৪	১.০৮	০.৬০
বাজেট পর্যালোচনা ও অনুমোদন	৩৫%	৩	১০	১.৪০	০.৯০
পরিবীক্ষণ, মূল্যায়ন ও অডিট নিষ্পত্তিকরণ	২৮%	৪	৯	১.১২	০.৭৫
বাজেট ব্যবস্থাপনা কমিটির সক্ষমতা বৃদ্ধিকরণ	১০%	২	২	০.৪০	০.২৫
মোট	১০০%	১৩	২৫	৪.০০	২.৫০

২। ২০২২-২৩ অর্থবছরে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটি'র কর্মকৃতির মূল্যায়নের উপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য সূচি	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা	মন্তব্য

১.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতির বিষয়ে যৌথ মূল্যায়ন প্রতিবেদন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতির যৌথমূল্যায়ন প্রতিবেদনের উপর বিস্তারিত আলোচনা হয়েছে।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতির যৌথমূল্যায়ন প্রতিবেদন (সংযোজনী-২ ও সংযোজনী-৩) সর্বসম্মতভাবে অনুমোদিত হয়;	পউসবি	
২.	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও মন্ত্রণালয়ের নীতিসমূহের সাথে এমবিএফের কৌশলগত সমন্বয় সাধন।	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও মন্ত্রণালয়ের নিজস্ব নীতিসমূহের সাথে এমবিএফের কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক, অগ্রাধিকার খাতের সামঞ্জস্যতা খুব কম পাওয়া যায়। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার Development Result Framework (DRF)-এর বেশ কয়েকটি সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা দেয়া আছে যা এমবিএফে পুরোপুরি প্রতিফলিত হয়নি। সমবায় নীতিসহ এই মন্ত্রণালয়ের বিভিন্ন নীতি-কৌশলের সাথে সামঞ্জস্যপূর্ণ করে এমবিএফ প্রণয়ন করা প্রয়োজন।	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও মন্ত্রণালয়ের নিজস্ব নীতিসমূহের সাথে এমবিএফের কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক, অগ্রাধিকার খাতের বিভিন্ন নীতি-কৌশলের সাথে সামঞ্জস্যপূর্ণ করে এমবিএফ প্রণয়ন করতে হবে;	পউসবি ও এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা	
৩.	মূল বাজেটের সাথে সংশোধিত বাজেট এবং প্রকৃত ব্যয়ের ব্যবধানাংক কমানো সংক্রান্ত।	মূল বাজেটের সাথে সংশোধিত বাজেট এবং প্রকৃত ব্যয়ের ব্যবধানাংক কমানো উত্তম আর্থিক ব্যবস্থাপনার জন্য জরুরি। এই উদ্দেশ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) অনুসরণ করা প্রয়োজন। বাজেটের সাথে সম্পর্কিত কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয়তা উপলব্ধি করে যথাযথভাবে সরকারি আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা সমীচিন, কিন্তু মূল্যায়িত বছরে মাত্র দুইটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	মূল বাজেটের সাথে সংশোধিত বাজেট এবং প্রকৃত ব্যয়ের ব্যবধানাংক কমানোর লক্ষ্যে বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (BIP) যথাযথভাবে অনুসরণ করতে হবে;	পউসবি ও এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা	
৪.	অডিট নিষ্পত্তির ক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরে ব্রডশিট জবাব প্রদান ও অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	অডিট নিষ্পত্তির ক্ষেত্রে ২০২২-২৩ অর্থবছরে ব্রডশিট জবাব প্রদান ও অডিট নিষ্পত্তির হার সন্তোষজনক নয়। ব্রডশিট জবাব প্রদানের ক্ষেত্রে অধিক আন্তরিকতা, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রদান এবং প্রমাণকসহ মানসম্পন্ন জবাব প্রদান অত্যন্ত প্রয়োজন।	অডিট নিষ্পত্তির ক্ষেত্রে দ্রুততম সময়ের মধ্যে ব্রডশিট জবাব প্রদান ও অডিট নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। অধিক আন্তরিকতা, নির্ধারিত সময়ে মধ্যে জবাব প্রদান এবং প্রমাণকসহ দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি নিশ্চিত করতে হবে।	পউসবি ও এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা	
৫.	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বাজেট ব্যবস্থাপনা কমিটির কর্মকৃতির যৌথ মূল্যায়ন প্রতিবেদনে স্কোর কম হওয়া প্রসংগে।	১. যৌথমূল্যায়ন প্রতিবেদন লক্ষ্য করা যায় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সঙ্গতিসাধন করে এমবিএফ প্রণয়ন করা হয় নাই। ২। মূল বাজেট, সংশোধিত বাজেট এবং ব্যয়হার সন্তোষজনক নয়। এই বিষয়গুলোর প্রতি অধিকতর গুরুত্বারোপ করা প্রয়োজন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের যে সকল কার্যাবলী ও কর্মকৃতি নির্দেশকের স্কোর কম সে সকল কার্যাবলী অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে এবং পরবর্তী অর্থ বছরে স্কোর বৃদ্ধির জন্য যথাসাধ্য চেষ্টা করতে হবে।	পউসবি ও এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা	

০৬/০৬/২০২৪

মোসাম্মৎ শাহানারা খাতুন
সচিব

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৬.২২.০৭৩.২২.৫৩

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১
০৬ জুন ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, অর্থ বিভাগ
২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬) অতিরিক্ত সচিব (রুটিন দায়িত্ব), প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৭) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৮) মহাপরিচালক, মহাপরিচালক (কৃষি ও পানি সম্পদ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৯) মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
১০) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
১১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
১২) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
১৩) যুগ্মসচিব, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৪) যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৫) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
১৬) প্রকল্প পরিচালক, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় প্রকল্প, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
১৭) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
১৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
১৯) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
২০) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২১) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৩) চীফ এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, , চীফ এ্যাকাউন্ট এ্যান্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুণবাগিচা, ঢাকা।
২৪) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
২৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২৬) নিবাহী সচিব, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন, ২২ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

০৬/০৬/২০২৪

শাহানারা খাতুন